দৈনিক বাংলা

তারিখ 01 MAR 1988
পৃষ্ঠা ১ কলাম ৫
১৭ই ফাল্গুন ১৩৯৪



# ভার্সিটি হলে পুলিশ তল্লাশী

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা মহানগর পুলিশের একটি দল গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয় জহুরুল হক হলের ১৭টি কক্ষে তল্লাশী চালায়। তবে পুলিশ এসব কক্ষ থেকে অবৈধ কিছু পায়নি। এ তল্লাশী কালে হল কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ খবর

শেষ পৃঃ ৬-এর ২ কঃ দ্রঃ

## ভার্সিটি হলে

(১ম পৃঃ পর)

জানানো হয়।

### ২২ ছাত্র সংগঠনের অভিযোগ

২২টি ছাত্র সংগঠন অভিযোগ করেছে যে ঢাকা বিশ্ববিদ্যালয় হল থেকে অস্ত্র উদ্ধারের নামে পুলিশ ছাত্রছাত্রীদের মনে ভয়ভীতি সৃষ্টি করে তাদের হল ত্যাগে বাধ্য করছে।

এক বিবৃতিতে ২২টি ছাত্র সংগঠন এ ধরনের প্রচেষ্টার নিন্দা করেছে।

### ছাত্রসভা

সরকার পদত্যাগের দাবীতে ও রোববার পুলিশী তৎপরতার প্রতিবাদে ২২টি ছাত্র সংগঠন সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর ক্যান্টিনে এক ছাত্র সভার আয়োজন করে।

সভায় ছাত্রনেতা আসাদুজ্জামান রিপন, মুশতাক হোসেন ও শহীদুল ইসলাম বক্তব্য রাখেন। তারা রোববার পুলিশের গুলিতে তিন জন নিহত হয়েছে বলে দাবী করেন। সভায় বক্তারা গেফতারকৃত ছাত্র নেতৃবৃন্দের মুক্তি দাবী করেন। পরে একটি মিছিল হয়। খবর বিজ্ঞপ্তির।